মেডিকেইড ইন্সপেক্টর জেনারেলের অফিস (OMIG) এর লক্ষ্য

আমাদের লক্ষ্য হচ্ছে মেডিকেইড প্রোগ্রামের মধ্যে প্রতারণা, অপব্যবহার ও অপচয়মূলক নীতি প্রতিরোধ এবং শনাক্ত করে নিউ ইয়র্ক স্টেটের মেডিকেইড প্রোগ্রামের অখণ্ডতা বৃদ্ধি করা এবং রোগীর উচ্চ-মানের সেবায় সহায়তা করার পাশাপাশি অনুচিতভাবে মেডিকেইডের ব্যয়কৃত অর্থ পুনরুদ্ধার করা।

মেডিকেইড কর্তৃক অর্থায়িত সেবার জন্য দায়বদ্ধ সকল স্টেট এজেন্সিসমূহের ক্ষেত্রে প্রতারণা, অপচয় ও অপব্যবহার নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা ও সমন্বয় করার মাধ্যমে মেডিকেইড প্রোগ্রামকে উন্নতকরণ এবং এর অখণ্ডতা সংরক্ষণ করতে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথের অভ্যন্তরে একটি স্বতন্ত্র সত্তা হিসেবে মেডিকেইড ইন্সপেক্টর জেনারেলের অফিস (OMIG) প্রতিষ্ঠিত হয়।

এই লক্ষ্য অর্জনের জন্য, সকল ধরনের প্রতিরোধ, শনাক্তকরণ, নিরীক্ষণ ও তদন্তের প্রচেষ্টা অফিস পরিচালনা করে এবং বিভিন্ন স্টেট এজেন্সিদের সাথে এই ধরনের কার্যক্রম সমন্বয় করে। সেই সাথে, অ্যাটর্নি জেনারেলের মেডিকেইড প্রতারণা নিয়ন্ত্রণ ইউনিট (MFCU) এর সাথে OMIG নিবিড়ভাবে কাজ করে এবং ফেডারেল ও স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাসমূহের সাথে অংশীদারিত্ব জোরদার করতে কাজ করে।

OMIG এর লক্ষ্য অর্জনে MWBE সহায়তা করে।

প্রতারণা বিরুদ্ধে লড়াইয়ে আপনি OMIG-কে সহায়তা করতে পারেন টোল-ফ্রি হটলাইন—87-877FRAUD

ফোন: 518-473-3782
ইমেইল: information@omig.ny.gov

NEW YORK STATE OF OPPORTUNITY. | Office of the Medicaid Inspector General

স্টেট অব নিউ ইয়র্ক

Kathy Hochul, গভর্নর

মেডিকেইড ইন্সপেক্টর জেনারেলের অফিস

Frank T. Walsh, Jr.
ভারপ্রাপ্ত মেডিকেইড ইন্সপেক্টর জেনারেল

OMIG MWBE প্রশাসনিক দল

Géza Hrazdina
Medicaid-এর সহকারী মহাপরিদর্শক
518.408-5787

Kyle Schuttenberg
প্রধান বাজেট বিশ্লেষক
518.402.1832

Edwin Lake
চুক্তি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ 2
518.408.5996

Paul Ely
অ্যাসোসিয়েট বাজেটিং অ্যানালিস্ট
518.408.0439

আমাদের ডাকযোগের ঠিকানা:

Office of the Medicaid Inspector General
800 North Pearl Street
Albany, NY 12204

ওয়েবে OMIG এর সাথে যোগাযোগ করুন: omig.ny.gov

NEW YORK STATE OF OPPORTUNITY. | Office of the Medicaid Inspector General

MWBE এর জন্য সুযোগ তৈরি

MWBE এর সার্টিফিকেট প্রাপ্তদেরকে সুযোগ প্রদানে OMIG প্রতিশ্রুতিবদ্ধ

গভর্নরের কার্যনির্বাহী আদেশ ৪ এর সাথে সামঞ্জস্য রেখে, সংখ্যালঘু মালিকানাধীন এবং নারী মালিকানাধীন ব্যবসায় প্রতিষ্ঠানসমূহকে (MWBEs) নিউ ইয়র্কে তাদের পণ্য এবং সেবা বিক্রয়ে সুযোগ প্রদানের জন্য স্টেটের আইন এবং বিধি অনুসারে মেডিকেইড ইন্সপেক্টর জেনারেলের অফিস (OMIG) প্রতিশ্রুতিবদ্ধ।

OMIG এর লক্ষ্য অর্জন এবং গুরুত্বপূর্ণ এজেন্সিগত কার্যক্রম ও কার্যকলাপকে সহায়তা করার জন্য স্টেটের প্রকিউরমেন্ট প্রক্রিয়া একটি গুরুত্বপূর্ণ নিমিত্ত।

প্রতি বছর, প্রয়োজনীয় পণ্যদ্রব্য, প্রযুক্তি ও সেবা সংগ্রহের জন্য স্বেচ্ছাধীন চুক্তির পাশাপাশি পছন্দসই উৎস, জেনারেল সার্ভিসের অফিস কেন্দ্রীভূত চুক্তি ব্যবহার করে বেসরকারী খাতের প্রতিষ্ঠানগুলোর সাথে OMIG চুক্তি সম্পন্ন করে থাকে।

OMIG এর সুযোগসমূহ

OMIG এর ওয়েবসাইট ভিজিট করুন এবং নিলামের সুযোগ পাওয়ার ক্ষেত্রে আপনার প্রতিষ্ঠানের আগ্রহের বিষয়ে OMIG-কে অবহিত করুন। "নিলামকারীর বিজ্ঞপ্তির জন্য বিক্রেতার নিবন্ধন" পূরণ করুন: https://omig.ny.gov/about-us/procurement-opportunities

ফরমে আপনি যেসকল মানদণ্ড নির্বাচন করেছেন সেগুলো পূরণ করে এমন কোনো নিলামের সুযোগ আসলে, ইমেইলের মাধ্যমে সেই সুযোগ সম্পর্কে OMIG আপনাকে অবহিত করবে।

কীভাবে MWBE এর সার্টিফিকেটপ্রাপ্ত হওয়া যায়

MWBE সার্টিফিকেট প্রদানের তিনটি প্রোগ্রামের জন্য একটি আবেদনপত্র জমা দেওয়া

MWBE সার্টিফিকেট প্রদানের প্রক্রিয়া আরো সহজ করার জন্যে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD), নিউ ইয়র্ক সিটি স্মল বিজনেস সার্ভিস এবং নিউ ইয়র্ক ও নিউ জার্সির পোর্ট অথরিটি সহযোগিতা করেছে। MWBE সার্টিফিকেট প্রদানের তিনটি প্রোগ্রামের জন্য ভেন্ডর বা বিক্রেতারা এখন একটি আবেদনপত্র জমা দিতে পারবেন।

নতুন "ওয়ান স্টপ স্ট্যান্ডার্ড" MWBE সার্টিফিকেট প্রদানের আবেদনপত্র জমা দিন এবং সকল সহায়ক ডকুমেন্টসহ ফরমটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টে জমা দিন।

যোগ্য হলে, MWBE সার্টিফিকেট প্রদানের জন্য NYC স্মল বিজনেস সার্ভিস এবং অব নিউ ইয়র্ক ও নিউ জার্সির পোর্ট অথরিটি কাছে আপনার আবেদনপত্র পাঠানো হবে।

প্রতিটি প্রোগ্রামের জন্য সংযুক্ত সংযোজন পূরণ করতে ভুলবেন না এবং সকল আবশ্যক সহায়ক ডকুমেন্ট প্রদান করুন। আবেদনপত্র এবং আবেদনপত্রের পিছনে সংযোজনে থাকা নির্দেশাবলী পূরণ করুন।

ESD এর ওয়েবসাইট www.esd.ny.gov/MWBE.html থেকে আপনি আবেদনপত্র ডাউনলোড করতে পারেন

অতিরিক্ত MWBE রিসোর্সসমূহ

OMIG প্রকিউরমেন্ট সেবার ওয়েবসাইট – বিক্রেতাদের জন্য OMIG-সুনির্দিষ্ট তথ্য এবং নির্দিষ্ট নিলামের সুযোগ অন্তর্ভুক্ত রয়েছে: www.omig.ny.gov/about-us/procurement-opportunities

নিউ ইয়র্ক স্টেটের সাথে ব্যবসা করতে OGS এবং ESD গাইড– স্টেটের প্রকিউরমেন্ট বা ক্রয় পদ্ধতি অনুধাবন করা, নিলামের সুযোগ শনাক্ত করা এবং প্রযুক্তিগত সহায়তার জন্য রিসোর্স খুঁজতে ব্যবসায়ের মালিকদের সহায়তা করার জন্য একটি সমন্বিত নির্দেশনা: https://nyspro.ogs.ny.gov/content/doing-business-new-york-state-0.

নিউ ইয়র্ক স্টেটের চুক্তি প্রতিবেদক – প্রতিদিন হালনাগাদ করা একটি অনলাইন প্রকাশনা, যেখানে স্টেটের নিলামের সুযোগের বিজ্ঞাপন দেওয়া হয়: www.nyscr.ny.gov

ক্ষুদ্র ব্যবসায়ের উন্নয়ন কেন্দ্রসমূহ – নিউ ইয়র্ক স্টেটের উচ্চাকাঙ্ক্ষী এবং বিদ্যমান ক্ষুদ্র ব্যবসায়ের জন্য বিভিন্ন ধরনের প্রযুক্তিগত সহায়তা এই অলাভজনক সংস্থা প্রদান করে: www.nyssbdc.org.

নিউ ইয়র্ক স্টেটের এজেন্সিসমূহ কর্তৃক প্রায়শই ক্রয়কৃত পণ্যদ্রব্য এবং সেবার ডিরেক্টরি – নিউ ইয়র্ক স্টেটে প্রকিউরমেন্ট বা ক্রয়ের সুযোগের একটি তালিকা এই ডিরেক্টরি প্রদান করে: www.osc.state.ny.us/reports/fiscal/directorycommodities.pdf

NEW YORK STATE OF OPPORTUNITY. | Office of the Medicaid Inspector General